REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সস্তর দরের জন্য পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং লিঃ

ম্যানেজিং ডিরেক্টার :—

শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।

২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট কলিকাতা।

২৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১২ই ভাদ্র বুধবার ১৩৪৭ ইংরাজী 28th August 1940 | ১৬শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠ-পোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুলং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷৷০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

নূতন বীমা

৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | |
|---|---|---|
| চলতি বীমা | ... | ১৬ কোটি ৩৪ লক্ষের উপর |
| বীমা তহবিল | ... | ২ „ ৯৬ লক্ষের „ |
| মোট সংস্থান | ... | ৩ „ ৩৬ „ „ |
| প্রিমিয়াম আয় | ... | ... ... ৭৪ „ „ |
| দাবী শোধ | ... | ১ কোটি ৮৫ „ „ |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষেও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো মাদ্রমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যান্যুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

মহা সমর! মহা সমর!!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

খাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

শাখাসমূহ :—২৭৪, ২৭৫, ২৭৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরারগঞ্জ, মজঃফরপুর বি-এন-ডবলিউ-আর।

ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া (সি, পি) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়। দরের জন্য পত্র লিখুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১২ই ভাদ্র বুধবার সন ১৩৪৭ সাল

## পারিতোষিক বিতরণ

গত ২২শে আগষ্ট বৃহস্পতিবার সকাল ৭ ঘটিকার সময় জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের পুরস্কার বিতরণ কার্য্য সুসম্পন্ন হইয়াছে। জঙ্গিপুর আদালতের প্রথম মুন্সেফ শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্রমোহন বীর এম-এ, বি-এল মহোদয় সভাপতির আসন অলঙ্কৃত করিয়া স্বহস্তে কৃতী ছাত্রগণকে পুরস্কার বিতরণ করিয়াছেন। সভায় রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের বহু গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন। স্কুলের শিক্ষকগণ নিমন্ত্রিত ব্যক্তিবর্গকে আদর আপ্যায়নের ত্রুটি করেন নাই। ছাত্রগণের আবৃত্তি উপস্থিত ভদ্রজনগণের আনন্দ বর্দ্ধন করিয়াছিল। আবৃত্তির জন্য মাত্র একটী পুরস্কার নির্দ্দিষ্ট ছিল। কিন্তু আবৃত্তিকারক বালকগণের আবৃত্তি-নৈপুণ্য প্রায় একই রকম প্রশংসনীয় হওয়ায় পুরস্কৃত ছাত্রটী ছাড়া অন্য দুইজন বালককে জঙ্গিপুর নিবাসী এসিষ্ট্যাণ্ট সার্জ্জন ডাঃ তারাপ্রসাদ সিংহ মহাশয় ও রঘুনাথগঞ্জ নিবাসী শ্রীযুক্ত তারাপ্রসন্ন রায় মহাশয় দুইটী মেডেল দিবেন বলিয়া সভাস্থলে প্রতিশ্রুতি দিয়াছেন। স্কুলের অন্যতম শিক্ষক শ্রীযুক্ত গোবিন্দপ্রসাদ গুপ্ত মহাশয় আবৃত্তিতে যে বালক প্রথম স্থান অধিকার করিয়া পুরস্কৃত হইয়াছে তাহাকে আর একটী মেডেল দিবেন বলিয়া ঘোষণা করিয়াছেন। জঙ্গিপুর স্কুলের ছাত্রসংখ্যা ক্রমশঃ বর্দ্ধিত হইতেছে। ইহা স্কুলের উন্নতির পরিচায়ক।

---

## রণগ্রামে "মহারাজা মণীন্দ্র ব্রীজের" উদ্বোধন

গত ২৫শে আগষ্ট রবিবার রণগ্রামের ব্রীজের উদ্বোধন ক্রিয়া সুসম্পন্ন হইয়াছে। পূর্ত্ত বিভাগের মাননীয় মন্ত্রী কাশিমবাজারের মহারাজা শ্রীশচন্দ্র নন্দী এম-এ, মহোদয় এই ব্রীজ উদ্ঘাটন করিয়াছেন। কাশিমবাজারের স্বর্গীয় দানবীর মহারাজা স্যার মণীন্দ্রচন্দ্র নন্দী কে, সি, আই, ই, মহোদয়ের নামানুসারে এই ব্রীজের নামকরণ হইয়াছে। জেলা বোর্ডের সুযোগ্য চেয়ারম্যান বাহাদুর সভাস্থলে রিপোর্ট পাঠ করেন। এই উৎসবে জেলার উচ্চপদস্থ রাজকর্ম্মচারিগণ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

---

## খারাপ রাস্তা

জেলা বোর্ডের রঘুনাথগঞ্জ হইতে জঙ্গিপুর রোড ষ্টেশনের নিকটস্থ লেভেল ক্রসিং পর্য্যন্ত রাস্তার স্থানে স্থানে পিচ উঠিয়া গিয়া পাথর বাহির হইয়াছে। মিঞাপুর গ্রামের মধ্যবর্ত্তী রাস্তা খুবই খারাপ হইয়াছে। ঐ রাস্তা দিয়া খালি পায়ে যাতায়াত করা সুকঠিন। আমরা এই রাস্তার প্রতি কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## বহরমপুর খেলার মাঠে খেলোয়াড়ের মৃত্যু

গত ২৪শে আগষ্ট শনিবার বহরমপুর হইলার শীল্ড প্রতিযোগিতার খেলা বহরমপুর টাউন ক্লাব বনাম আরারিয়া টাউন ক্লাবের মধ্যে হইতেছিল। বহরমপুর দলের সাধু রায় নামক একজন খেলোয়াড় তলপেটে গুরুতর আঘাত পান। চিকিৎসকগণ কর্ত্তৃক প্রাথমিক সাহায্য দানের পর তাঁহাকে হাসপাতালে স্থানান্তরিত করা হয়। তথায় তাঁহার মৃত্যু হইয়াছে। প্রথমার্দ্ধের পরেই খেলা বন্ধ হইয়া যায়।

---

## বহরমপুরে আর একটী ফুটবল খেলোয়াড়ের মৃত্যু

সহযোগী "মুর্শিদাবাদ হিতৈষী" লিখিয়াছেন—বহরমপুর খেলার মাঠে সাধু রায়ের অবস্থা দেখিয়া শ্রীমান্ কমলারঞ্জন চট্টোপাধ্যায় (মাধু) নামক সহরের অন্য এক জন খেলোয়াড় খেলার মাঠেই অসুস্থ হইয়া উঠিয়াছিল। সাধুর অন্ত্যেষ্টিক্রিয়া সমাপনান্তে বাড়ী ফিরিয়া উক্ত খেলোয়াড়ের অসুখ বাড়িয়া উঠে। সে "সাধু আমাকে ডাকিতেছে" এইরূপ উক্তি করিতেছিল। সেও গত ২৫শে আগষ্ট রাত্রি তিন ঘটিকার সময় মৃত্যুমুখে পতিত হইয়াছে।

২৬শে আগষ্ট বঙ্গবাসী ও মহম্মদ স্পোর্টিংয়ের খেলার সময় মাথুর পারলৌকিক আত্মার মঙ্গল কামনায় ৫ মিনিট কাল উভয় পক্ষের খেলোয়াড়গণ নিস্পন্দভাবে প্রার্থনা করিয়াছিলেন। এই দিনও খেলার মাঠে বঙ্গবাসীর একজন খেলোয়াড়ের মাথা ফাটিয়া গিয়াছে।

এই দুর্ঘটনা এ সহরে এই প্রথম দেখা গেল।

---

## সাংবাদিকের সাফল্য

বর্ত্তমান বৎসরে বেঙ্গল লাইব্রেরী এসোসিয়েসনের ট্রেণিং পরীক্ষায় যে সকল ছাত্রছাত্রী উত্তীর্ণ হইয়াছেন, তাহাদের মধ্যে "দৈনিক কৃষক" পত্রিকার সহ-সম্পাদক শ্রীযুক্ত হিরণ্ময় গুপ্ত প্রথম স্থান অধিকার করিয়াছেন। ইতিপূর্ব্বে আরও তিনবার এই পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে, কিন্তু কোন সাংবাদিক পরীক্ষার্থী হিসাবে ইহাতে যোগদান করেন নাই। বাঙ্গালী সাংবাদিক উহাতে যোগদান করিয়াই প্রথম হইবার কৃতিত্ব অর্জ্জন করিলেন।

---

## পদ্মায় ভয়াবহ নৌকাডুবি

গত ২১শে আগষ্ট অপরাহ্নে পদ্মানদীতে একটী ভয়াবহ নৌকাডুবি হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। প্রকাশ যে, দুর্ঘটনার ফলে ১২ জন লোক জলে ডুবিয়া মারা গিয়াছে এবং উহাদের সকলেই দিনমজুর। ঘটনার বিবরণে প্রকাশ দিনের কাজ সারিয়া প্রায় ১৭ জন মজুর নৌকাযোগে গৃহে প্রত্যাবর্ত্তনকালে প্রবল ঝড়ের বেগে নৌকাখানি মাঝ নদীতে উল্‌টাইয়া যায় এবং আরোহিগণ সকলে ছিটকাইয়া জলে পড়ে। আরোহিদের মধ্যে ৫ জন কোন প্রকারে সাঁতরাইয়া তীরে পৌছিয়াছে কিন্তু অপর ১২ জনের কোন সন্ধানই এখন পর্য্যন্ত পাওয়া যায় নাই।

---

## অতিরিক্ত লাভে দণ্ড

গভর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে এক বাক্স "ক্যাফি এসপিরিণ" বিক্রয় করার অপরাধে চীফ প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত আর, গুপ্ত মহম্মদ মজহরুল হক নামক এক ব্যক্তিকে ভারতরক্ষা নিয়মাবলী অনুসারে ২৫৲ টাকা অর্থদণ্ড অন্যথায় ৩ সপ্তাহ সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। আসামী কলিন ষ্ট্রীটের এক ঔষধের ফার্ম্মের সেলস্‌-ম্যান। আসামী অপরাধ স্বীকার করিয়া জরিমানার টাকা দাখিল করিয়াছে।

---

## কলিকাতা হাইকোর্টের ছুটি

কলিকাতা হাইকোর্ট ৩০শে আগষ্ট শুক্রবার হইতে ৯ই নভেম্বর শনিবার পর্য্যন্ত বন্ধ থাকিবে। সোমবার ১১ই নভেম্বর পুনরায় হাইকোর্টের কার্য্যাদি আরম্ভ হইবে। বিচারপতি সেন ও বিচারপতি মিঃ রক্সবার্গ ভ্যাকেসন জজরূপে কার্য্য করিবেন।

---

## ক্যাম্বেল হাসপাতালে পাখা

কলিকাতার ক্যাম্বেল হাসপাতালের মেকেঞ্জী ও উডবর্ণ ব্লকে বৈদ্যুতিক পাখার ব্যবস্থা করিবার জন্য বঙ্গীয় গভর্ণমেণ্ট ৭ হাজার ৯ শত ৪৮৲ টাকা এবং পৌনঃপুনিকভাবে বার্ষিক ১৫০০৲ দেড় হাজার টাকা মঞ্জুর করিয়াছেন।

---

## নৌকা ডুবিতে বর-বধূ

দিনাজপুর বালুরঘাটের সংবাদে প্রকাশ, গত ১১ই আগষ্ট রবিবার অপরাহ্নে মদনগঞ্জ ঘাটের নিকট আত্রেয়ী নদীতে ১২ জন বরযাত্রীসহ একখানি নৌকা উল্‌টাইয়া যাওয়ায় বরযাত্রী দলের দুইজন লোক জলমগ্ন হয়। নবদম্পতিসহ অপরাপর বরযাত্রিগণ সাঁতরাইয়া তীরে উঠে। যে দুইজন বরযাত্রী জলমগ্ন হইয়াছিল, তাহাদের মধ্যে একজনের মৃতদেহ পরদিন প্রাতে পাওয়া গিয়াছে। দ্বিতীয় ব্যক্তির মৃতদেহের এখনও কোন সন্ধান পাওয়া যায় নাই।

---

## সর্পাঘাতে দম্পতির মৃত্যু

বর্দ্ধমান-দাঁইহাটের পার্শ্বস্থিত গোপদাজি গ্রামে গত ১৩ই আগষ্ট রাত্রি প্রায় ১২ ঘটিকার সময় হীরালাল বাগ্দীর বাড়ীতে এক দম্পতি মারা গিয়াছে। ঘটনার বিবরণে প্রকাশ, ঐ রাত্রিতে হীরালালের পুত্র (কালো বাগ্‌দী) ও পুত্রবধূ একই গৃহে নিদ্রিত ছিল। রাত্রিতে এক বিষধর সর্প উভয়কে দংশন করে। ফলে উভয়েই অজ্ঞান হইয়া পড়ে এবং ১০ মিনিটের মধ্যে উভয়ের মৃত্যু হয়। মৃতের অন্ধ পিতা, মাতা ও একটী নাবালক পুত্র বর্ত্তমান।

---

## ২৮ বার দণ্ডিত

অবৈতনিক প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মিঃ ডি, জে, কোহেন চুরি করার অপরাধে সেখ কালুকে এক বৎসর সশ্রম কারদণ্ডে দণ্ডিত করিয়াছেন এবং কারাবাসের পর তিন বৎসর পর্য্যন্ত পুলিশের নজরবন্দী থাকিবার নির্দ্দেশ দিয়াছেন। আসামী ইতিপূর্ব্বে ২৭ বার দণ্ডিত হইয়াছিল।

---

## জাল মুদ্রা রাখায় চার্জ্জ

আলীপুরের সহকারী দায়রা জজ মিঃ পি, সেন জুরীদের সিদ্ধান্ত গ্রহণ করিয়া যতীন মণ্ডলকে জাল মুদ্রা এবং জাল মুদ্রা প্রস্তুতের সরঞ্জাম রাখিবার চার্জ্জে ৩ বৎসর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন। সুশীল চক্রবর্ত্তী এবং অন্যান্য আসামীগণ অব্যাহতি লাভ করিয়াছে।

---

## ভ্রম সংশোধন

গত ৫ই ভাদ্র তারিখের "জঙ্গিপুর সংবাদে" দ্বিতীয় মুন্সেফী আদালতের নীলামের বিজ্ঞাপনে নিম্নলিখিত নম্বরটীর দেন্দারের নাম আনিরুদ্দিন বিশ্বাস বলিয়া ছাপা হইয়াছে। উহা গাজিরুদ্দিন বিশ্বাস হইবে। সাধারণের অবগতির জন্য উক্ত নম্বরটী পুনরায় মুদ্রিত করা হইল।

সম্পাদক—জং সং।

## নীলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্‌সেফী আদালত।

নীলামের দিন ২৩শে সেপ্‌টেম্বর ১৯৪০

৪৪৮ খাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালী মৌলবী হুমায়ুন রেজা চৌধুরী দীং দেং গাজিরুদ্দিন বিশ্বাস দাবি ২৬৸/৬ থানা সমসেরগঞ্জ মৌজে কাঁকুড়িয়া ১/৪,৫ বিঘার কাত ৩৸৶/৬ আঃ ২০৲ খং ৩৭২

## ঈশ্বর স্তুতি

জয় জগদীশ করুণা নিধান !
প্রকাশে প্রকৃতি সদা তব দান ;
প্রভাতে কাননে কুসুম অম্লান
শোভাচ্ছলে কহে তুমি স্নেহময়।

বিহগ সকল বসিয়া শাখায়
তোমার মহিমা কলকণ্ঠে গায় ;
ফুলে ফুলে অলি কহিয়া বেড়ায়
গুণ গুণ রবে তুমি গুণময়।

তোমার করুণা চন্দ্রমা-তপন
কররূপে ভবে করে বিতরণ ;
জীবের জীবন রাখিয়া পবন
জানায় সতত তুমি সদাশয়।

বিটপীসকল সুমধুর ফল
জলাশয়দল সুশীতল জল,
দিয়া শস্যরাশি প্রান্তর শ্যামল
নিত্য প্রকাশয় তুমি দয়াময়।

জনক জননী-মধুর ভারতী
সোদরসোদরা-মিলনসংগীতি,
জায়াপতিপ্রীতি, সন্তান-ভকতি
গৃহে গৃহে কয় তুমি শিবময়।

ওহে দীননাথ, দয়ারত্নাকর
আমার হৃদয়দৈন্যতম হর,
মানস-মন্দির সমুজ্জ্বল কর
যেন তব পদে মম মতি রয়।

শ্রীত্র্যম্বকপদ চট্টোপাধ্যায়, কাব্য-স্মৃতিতীর্থ
সাং বেলুন ( বীরভূম )

---

## জন্মাষ্টমী

সৌর ভাদ্র মাসে কৃষ্ণা অষ্টমীর
রোহিণী নক্ষত্র-যুক্তা রজনীর
ঘন অন্ধকারে যমুনার ধারে
লয়ে বসুদেব দেবকী কুমারে
ভাবিছে কিরূপে যাবে নন্দালয়ে
পাছে কেহ দেখে, কাঁপে এই ভয়ে।
ত্রস্ত বসুদেব চাহি চারি ভিতে
কংস ভয়ে অতি সচকিত চিতে।
বাসুকী অলক্ষ্যে শিরে ধরে ফণা
শিশু শিরে নাহি পড়ে জল-কণা।
যমুনা বহিছে ভরি দুই কুল,
ভাবে বসুদেব হইয়া আকুল,
কিরূপে কুমারে লয়ে যাবে পারে
কিরূপে আসিবে পুনঃ কারাগারে।
খদ্যোতিকা কুল জ্বলে মিটি মিটি,
অবিরল বৃষ্টি পড়ে পিটি পিটি,
ঝিল্লীর ঝঙ্কার, ঘাম-ঘোষ রব,
তা ব্যতীত সব নিদ্রায় নীরব।
হাঁকিছে অশনি, চমকে বিদ্যুৎ
বসুদেব কোলে রয়েছে অচ্যুত।
কাঁপায় পবন ধরণী গগন—
বসুদেব বড় চিন্তায় মগন।
হেন কালে তথা শিবারূপ ধরি
মহামায়া আসি জলে অবতরি
ডিঙ্গাল দুকুল প্লাবিনী যমুনা—,
দিল বসুদেবে জলের নমুনা।
হরি কোলে করি যমুনার জলে
ভয়ে ভয়ে বসু পা টিপিয়া চলে ;
যে ভয় তাহার ছিল, হ'লো তাই,
ফাঁপিল যমুনা ; চুমি রাঙা পায়
ছলি বসুদেবে নিল নীলমণি
বসু শিরে যেন পড়িল অশনি।
সুরধুনী যার শ্রীপদজ বারি,
কেমনে কালিন্দী এ সুযোগ ছাড়ি
ধুয়াবেন আজ এ পূত-চরণ
কেন সে ছাড়িবে নীরদ বরণ ?
হারাইয়া জলে নবজাত সুত
ব্যস্ত বসুদেব খোঁজে অতি দ্রুত,
কাঁদে আহা কত শিরে কর হানি
কত ছল চক্র জানে চক্রপাণি !
অমনি আবার মহামায়া বলে
দেখে বসু জলে নীলমণি জ্বলে।
কোলে লয়ে শিশু চলে পুনঃ বসু,
চলিছে নীরবে জগতের অসু
কত যেন দীন কাঙালের সম
যা করে সে লীলা সবই অনুপম
মথুরা ছাড়িয়া যশোদার কক্ষে
যোগমায়া যেথা আছে তার বক্ষে
মহা সুষুপ্তিতে মগ্ন ব্রজপুরী
সুপ্তা যশোদার বক্ষ হ'তে চুরি
করি কন্যারত্ন, পুত্ররত্ন দিয়া
ফিরে চলে বসু তৃপ্ত তনু হিয়া।
দেখ আজি মহাপুরুষের স্থলে
মহা প্রকৃতিকে লয়ে বসু চলে,
এযে কার কন্যা, পুত্র কারে ধ্বংশ
করিতে এসেছে জানেনা তা কংস।
কেমনে জানিবে, কেবা তাহা জানে
পাপে তাপ বাড়ে ক'জনার প্রাণে ?
যার বাড়ে তাপ সেই মুক্ত হয়
বদ্ধ পাপী কিন্তু চির সুপ্ত রয়।
গুরু কৃপা বিনে সত্য নাহি চিনে
কেহ বা কচিৎ জাগে শেষ দিনে।
অতীব উৎকট পাপ কিম্বা পুণ্য
বিনা ফলে কভু হয়না'ক শূন্য।
সদ্য পাপে ফল অদ্য কেহ ভুগে
কেহবা ত্রিদিনে, মাসে, বর্ষে, যুগে;
জন্ম জন্মান্তরে কেহ ভুগে ফল
কেহ স্বর্গে যায়, কেহ রসাতল।
হউক সে রাজা মহা বলবান
পাপে সাজা তারে দিবে ভগবান।
কংসেরও তা হবে বুঝিবে সে শেষে
যে দিনে ধরিবে কাল তার কেশে।
আর কেহ নয়, এই সেই কাল
আজ যারে দেখ ব্রজে নন্দলাল।
শুধু সুমধুর ধরেনি সে বাঁশি
কংস শিশুপাল আদি কত নাশি
কুরুক্ষেত্র মহারণ পয়োধীর
কর্ণধার সে যে হবে এই বীর
শ্রীমদ্ভাগবত্, গীতামৃত দানে
সঞ্জীবনী শক্তি দিবে পার্থ প্রাণে
ধরাবে গাণ্ডীব, করাবে নিধন
ভীষ্ম, দ্রোণ আদি মহাবীরগণ।
মহারথী গণই করিবে সমর
কিন্তু যুক্তি দাতা হবে এ অমর।
বৈষ্ণবের ধর্ম্ম কভু ক্লীব নয়
ক্লীবত্ব বিনাশি করে শিবময়।
বিনয়ে যদিও তৃণাদপি নীচু
তেজে কিন্তু কভু হয় না সে পিছু।
তরোরপি যার সহিষ্ণুতা থাকে
বায়ু সম উগ্র দেখিবে তাহাকে।
শ্রীকৃষ্ণ কোকিল পরায়ে পালিত
অখিলের স্বামী ভবে অজানিত
রহিবে গোকুলে পূজিলে সময়
দেখাবে সে কংসে সবি কৃষ্ণময়।

শ্রীশরচ্চন্দ্র মুখোপাধ্যায়
বালিঘাটা, রঘুনাথগঞ্জ।


## নূতন ঠিকানা

মনিগ্রামের প্রসিদ্ধ চিকিৎসক
পক্ষাঘাত, বাত, উন্মাদ, কাস, শ্বাস, চক্ষুরোগ, কর্ণরোগ,
ব্লডপ্রেসার, বেরিবেরি—প্রভৃতি পীড়ার
চিকিৎসায় পারদর্শী
কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী বিশ্বাস কবিরত্ন,
এম-বি-সি-এ, ( গভর্ণমেণ্ট রেজিষ্টার্ড )
মনিগ্রাম বাসন্তীতলা
পোঃ মনিগ্রাম ( মুর্শিদাবাদ )

## শিক্ষক মহাশয়গণের নিকট নিবেদন

আমরা ইংরাজী ও বাংলা ভাষায় উৎকৃষ্ট কাগজে স্কুলের প্রয়োজনীয় সকল প্রকার হাজিরা বহি, ভর্ত্তি বহি ট্রান্সফার সার্টিফিকেট, বেতন আদায়ের রসিদ বহি প্রভৃতি মজুত রাখিয়াছি। দরকার হইলে আমাদের নিকট হইতে লইবেন। খাতাগুলি ভালভাবে বাইণ্ডিং করা।

বাংলা ভাষায় ( প্রাইমারী স্কুলের জন্য )

| | |
|---|---|
| হাজিরা বহি ( ২০ পাতার ) | ।৵০ |
| „ ৪০ „ | ॥০ |
| ভর্ত্তি বহি ... ... | ।৶০ |
| ট্রান্সফার সার্টিফিকেট ( ২০ পাতার ) | ।/০ |
| রসিদ বহি ( ১০০ পাতার ) | ।১০ |

For M. E. & H. E. SCHOOLS.

| | |
|---|---|
| Students' Attendance Register with Fee realisation (25 pages) | -/11/- |
| Teachers' Attedance (25 pages) | -/11/- |
| First Admission Form (100 sheets) | 1/4/- |
| Transfer Certificate (100 sheets) (Triplicate.) | 2/12/- |
| Receipt Book (for fee collection) (100 pages in each Book) | -/4/- |
| Letter Heading ½ Foolscap size 100 ... ... | -/12/- |
| Do. ¼ Foolscap 100 | -/9/- |

পিওন-বুক

ইউনিয়ন বোর্ড, ঋণ-সালিশী বোর্ড ও অন্যান্য অফিসের জন্য পিওন-বুক রাখা হইয়াছে। সুদৃশ্য চামড়ার দ্বারা বাঁধা। মূল্য বড় ৵০ আনা, ছোট ॥০ আনা।

ফরম সাপ্লাইং এজেন্সী
পণ্ডিত প্রেস
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সস্তায় রবার ষ্ট্যাম্প

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## ষ্টিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।
মূল্য প্রতি কৌটা দুই আনা।

## ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।

( স্থাপিত সন ১৩৩২ সাল )

প্রতিষ্ঠাতা ও প্রধান চিকিৎসক

**কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন**

প্রধান ঔষধালয় :— রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ।

শাখা ঔষধালয় :— জঙ্গীপুর ( বাবুবাজার।


আয়ুর্ব্বেদীয় সকল রকম আসব, অরিষ্ট, মোদক, বটী, তৈল, ঘৃত, চূর্ণ ও ধাতুভস্মাদি সর্ব্বদা প্রচুর মজুত থাকে। মফঃস্বলের চিকিৎসকগণকে উপযুক্ত কমিশন দেওয়া হয়।


## পণ্ডিত প্রেস

রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ


উচ্চশ্রেণীর ছাপার জন্য বিখ্যাত

পরীক্ষা প্রার্থনীয়।




মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




### সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয় মুল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১৷৶০ ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

### মৃতের জীবন :—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি **মরা মানুষ বাঁচাইতে** পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার ( জীবনীশক্তি ) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।/০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১৷৶০

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা

## সাধনা ঔষধালয়-ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী
এম-এ, এফ-সি-এস ( লণ্ডন ), এম-এস-সি ( আমেরিকা )
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক ( প্রফেসার )

**মকরধ্বজ ( বিশুদ্ধ ও স্বর্ণঘটিত ) তোলা ৪৲** নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

**বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা** সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

**শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা** ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্ন-দোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

**অবলাবান্ধব যোগ**—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত